Australian Government

Department of Immigration and Border Protection

# Code of Behaviour for Subclass 050 Bridging (General) visa holders Supporting information

# বা {সাবক্লাস 050 ব্রিজিং (সাধারণ)} ভিসাধারীদের জন্য আচরণের নিয়মাবলী সমর্থনমূলক তথ্য

Form **1444i BEN** BENGALI

ফর্ম *1443 Code of Behaviour for Subclass 050 Bridging (General) visa holders {সাবক্লাস ০৫০ ব্রিজিং (সাধারণ) ভিসাধারীদের জন্য আচরণের নিয়মাবলী}*-এর সাহায্যার্থে এই অনুবাদিত তথ্য প্রদান করা হয়েছে। আপনি 1443 ফর্মটি অবশ্যই ইংরেজীতে পূরণ করবেন।

অস্ট্রেলিয়ান সরকার একটি আচরণের নিয়মাবলী (নিয়মাবলী) চালু করেছে যা নির্দিষ্ট প্রাপ্ত:বয়স্কদের জন্য প্রযোজ্য হবে যাদেরকে Bridging E visa (BVE বা ব্রিজিং ভিসা) দেয়ার জন্য বিবেচনা করা হয়েছে। এই নিয়মাবলী নৌকাযোগে আগত সকল অবৈধ প্রাপ্ত:বয়স্কদের জন্য প্রযোজ্য হবে, যাদেরকে BVE দেয়ার জন্য বিবেচনা করা হয়েছে।

## আচরণের নিয়মাবলী কি?

ব্রিজিং ভিসা ধারনকারী ব্যক্তিরা যখন অস্ট্রেলিয়ার সমাজে বসবাস করবে তখন তাদের কাছ থেকে কি ধরনের আচরণ আশা করা হবে সেই সম্পর্কে এই নিয়মাবলীতে ব্যাখ্যা করা হয়েছে। কোন ধরনের আচরণ কাঙ্খিত নয় তার ব্যাখ্যাও এই নিয়মাবলীতে আছে।

এই নিয়মাবলীর প্রবর্তন করা হয়েছে এটা নিশ্চিত করতে যে, ব্রিজিং ভিসাপ্রাপ্ত লোকেরা অস্ট্রেলিয়ার সমাজে বসবাসকালীন অবস্থায় যথাযথ ব্যবহার করবে। অস্ট্রেলিয়ান সরকার এবং সমাজ আশা করে সকল অ-নাগরিকগণ আইন মেনে চলবে, অস্ট্রেলিয়ান মূল্যবোধকে শ্রদ্ধা করবে এবং সরকারী কর্তৃপক্ষের সাথে সহযোগীতা করবে।

## আচরণের নিয়মাবলীতে কাদের স্বাক্ষর করার প্রয়োজন?

আপনি যদি অস্ট্রেলিয়াতে অবৈধভাবে নৌকাযোগে আগমন করে থাকেন এবং আপনার বয়স যদি ১৮ বছর বা তদুর্ধ্ব হয়, তাহলে আপনাকে অবশ্যই Bridging E visa প্রদানের জন্য বিবেচনা করার পূর্বে অবশ্যই নিয়মাবলীতে স্বাক্ষর করতে হবে।

আপনাকে যদি পূর্বে *Migration Act 1958 (মাইগ্রেশন এ্যাক্ট ১৯৫৮)*-এর অনুচ্ছেদ 195A -এর অধীনে মন্ত্রীমহোদয় Bridging E visa দিয়ে থাকেন, তাহলেও আপনাকে সম্ভাব্য নতুন Bridging E visa প্রদানের পূর্বে আচরণাবলীতে অবশ্যই স্বাক্ষর করতে হবে। যদি আপনার ব্রিজিং ভিসার মেয়াদ শেষ হয়ে গিয়ে থাকে বা শীঘ্রই শেষ হবে, তাহলে এটি একটি খুবই গুরুত্বপূর্ণ বিষয়। আপনাকে আর কোন ব্রিজিং ভিসা দেয়ার জন্য বিবেচনা করা হবে না যতক্ষণ পর্যন্ত না Department of Immigration and Border Protection (the department) {অভিবাসন এবং সীমান্ত প্রতিরক্ষা বিভাগ (বিভাগ)} আপনার স্বাক্ষরিত বর্তমান নিয়মাবলীর একটি কপি পায়, যেখানে যথাযথ সাক্ষীর প্রমাণ রয়েছে।

অন্যান্য নির্দিষ্ট শ্রেণীর লোকদেরও নিয়মাবলীতে স্বাক্ষর করার প্রয়োজন হতে পারে। আপনি ঐ সকল শ্রেণীর আওতাভুক্ত হবেন কিনা সেই ব্যাপারে বিভাগ আপনাকে জানাবে।

আপনাকে স্বাক্ষর করতে হবে কিনা সে ব্যাপারে আপনি যদি নিশ্চিত না হয়ে থাকেন, দয়া করে বিভাগের সাথে যোগাযোগ করুন।

## কেন আমাকে আচরণের নিয়মাবলীতে স্বাক্ষর করতে হবে?

নিয়মাবলীতে স্বাক্ষর করার অর্থ হলো আপনি বুঝতে পেরেছেন যে, যদি আপনি নিয়ম মেনে না চলেন তাহলে আপনাকে প্রদত্ত আর্থিক সাহায্য কমে যেতে পারে বা বন্ধ হয়ে যেতে পারে বা আপনার ব্রিজিং ভিসা বাতিল হতে পারে এবং আপনাকে বন্দী করা হবে ।

## আচরণের নিয়মাবলী বলতে কি বুঝায়?

Bridging E visa ধারনকারী ব্যক্তিরা যারা অস্ট্রেলিয়ান সমাজে বসবাস করছে, তাদের কাছ থেকে কি ধরনের আচরণ আশা করা হয় সেই সম্পর্কে এই নিয়মাবলীতে ব্যাখ্যা করা হয়েছে।

অস্ট্রেলিয়ার আইনে যে সকল লোকদের ব্রিজিং ভিসা দেয়া হয়েছে, তাদের সকল শর্ত এবং কর্তব্য এই নিয়মাবলীতে নেই। এই নিয়মাবলীতে স্বাক্ষরের মাধ্যমে আপনি মূল্যবোধ অনুযায়ী আচরণে সম্মত হচ্ছেন যা আপনার অভিবাসন অবস্থার সমাধানের সময় অস্ট্রেলিয়ান সমাজের জন্য গুরুত্বপূর্ণ।

অস্ট্রেলিয়া একটি স্বাধীন এবং গণতান্ত্রিক দেশ যেখানে পুরুষ এবং মহিলা সমানভাবে বিবেচিত। মানুষদের কাছে আশা করা হয় যে তারা একে অন্যের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করবে এবং অন্যদের সাথে কোন অপব্যবহার করবে না বা ভয়ভীতি দেখাবে না ।

অস্ট্রেলিয়ায় থাকাকালীন আপনি অবশ্যই অস্ট্রেলিয়ার আইন মেনে চলবেন। এর মানে হলো, যেমন ধরুন, আপনি কোন ধরনের সহিংসতা ঘটাবেন না বা কোন অসঙ্গত যৌন সম্পর্ক করবেন না। সরকারী কোন কর্মকর্তার কাছে আপনি অবশ্যই মিথ্যা কথা বলবেন না, তথ্য গোপন করবেন না অথবা ভুয়া শনাক্তকরণ কাগজ দিবেন না। অস্ট্রেলিয়াতে অপরাধ করার জন্য আপনার ভিসা বাতিল হয়ে যেতে পারে।

## 'অসামাজিক' এবং 'সংহতিনাশক' কার্যক্রম বলতে কি বুঝায়?

নিয়মাবলীতে যে শব্দগুলো ব্যবহার করা হয়েছে তাদের সাধারণ অর্থে ব্যবহার করা হয়।

- অন্য ব্যক্তিকে 'হয়রানি' করা বলতে বুঝায় নিরবিচ্ছিন্নভাবে অথবা ক্রমাগতভাবে ঐ ব্যক্তিকে বিরক্ত করা বা জ্বালাতন করা।
- অন্য ব্যক্তিকে 'ভয় দেখানো' বলতে বুঝায় আপনার কথার মাধ্যমে বা কার্যক্রমের মাধ্যমে তাকে ভীতসন্ত্রস্ত করা, এর অন্তর্ভূক্ত হলো কাউকে দিয়ে জোরপূর্বক কিছু করানো।
- অন্যের উপর 'মাস্তানী করা' বলতে বুঝায়, অন্যের সাথে অনাকাঙ্খিত বা আক্রমনাত্মক ভঙ্গিতে ব্যবহার করা, বিশেষ করে আপনার অবস্থান যদি অন্যের চেয়ে অধিক শক্তিশালী হয়। মাস্তানী কার্যক্রমের মধ্যে রয়েছে হুমকি দেয়া, গুজব ছড়ানো, কাউকে শারীরিক বা মৌখিকভাবে আক্রমন করা বা উদ্দেশ্যমূলকভাবে কাউকে কোন দল বা স্থান থেকে বাদ দেয়া।
- 'অসামাজিক' বলতে সমাজ বিরোধী কার্যক্রম বুঝায়। এর অর্ন্তভূক্ত হলো সম্পত্তি ক্ষতিগ্রস্ত করা, প্রকাশ্যে থুতু নিক্ষেপ বা গালিগালাজ করা বা এমন কোন কাজ করা যা অন্যরা অপমানজনক মনে করতে পারে।
- 'ধ্বংসাত্মকমূলক' বলতে বুঝায় অন্যের সাথে বা অন্য কিছুর সাথে বিশৃংখলা সৃষ্টি করা বা বিরক্তিকর কাজ করা।

## আমি কিভাবে আচরণের নিয়মাবলীতে স্বাক্ষর করবো এবং এটার সাক্ষী রাখবো?

আপনি অবশ্যই *সাবক্লাস 050 ব্রিজিং (সাধারণ) ভিসাধারীদের জন্য আচরণের নিয়মাবলীর* 1443 ফর্মে স্বাক্ষর এবং তারিখ দিবেন, এবং আপনার ঠিকানা এবং পরিচয়পত্রের বর্ণনা দিবেন। আপনার স্বাক্ষরের একজন সাক্ষী থাকা প্রয়োজন এবং আপনার পরিচয়পত্র একজন যোগ্য সাক্ষী দ্বারা যাচাই করা উচিত। আপনাকে যদি ছবিযুক্ত পরিচয়পত্র দেয়া হয়ে থাকে, তাহলে সাক্ষীকে আপনার ছবিযুক্ত পরিচয়পত্র দেখান (যেমন, বৈধ পাসপোর্ট, ইমিকার্ড বা ড্রাইভার লাইসেন্স)।

যোগ্য সাক্ষী হলো:

- বিভাগের কর্মকর্তাগণ
- Status Resolution Support Services (SRSS) case workers (অবস্থা সমাধান সহায়তা সেবা কার্যক্রম(এস আর এস এস) কেস কর্মকর্তা), এবং
- নিবন্ধনকৃত মাইগ্রেশন এজেন্ট।

অন্যান্য শ্রেনীর ব্যক্তিবর্গ, যারা আপনার স্বাক্ষর এবং পরিচয়পত্রের সাক্ষী হতে পারে তাদের তালিকা 1443 ফর্মের শেষ পাতায় দেয়া হয়েছে।

## সাক্ষীর কি করা প্রয়োজন?

সাক্ষীর কাজ হলো আপনি যে নিয়মাবলীতে তাদের সামনে স্বাক্ষর করেছেন এবং আপনি যে সেই ব্যক্তি যার পরিচয়পত্রের বর্ণনা দেয়া হয়েছে তা প্রত্যায়ন করা। আপনি আচরণের নিয়মাবলী বুঝতে পেরেছেন কিনা বা তা মেনে চলবেন কিনা এর নিশ্চয়তা দেয়ার জন্য সাক্ষী দায়ী থাকবে না।

সাক্ষী আপনার পরিচয়পত্র নিশ্চিত করার জন্য আপনার ছবিযুক্ত পরিচয়পত্র পরীক্ষা করবে এবং আপনি যে ফর্মে স্বাক্ষর করছেন তা দেখবে। সাক্ষীকেও ফর্মে স্বাক্ষর করতে হবে এবং তাদের বর্ণনা দিতে হবে।

© COMMONWEALTH OF AUSTRALIA, 2015

## স্বাক্ষরিত আচরণের নিয়মাবলী আমি কোথায় পাঠাবো?

স্বাক্ষরিত নিয়মাবলী স্কেন করে নিম্নের ঠিকানায় ই-মেইল করতে পারেন: bvereporting@border.gov.au

আপনি যদি স্বাক্ষরিত নিয়মাবলীর কপি ই-মেইল করতে না পারেন, তাহলে মূল স্বাক্ষরিত কাগজপত্র নিম্নলিখিত ঠিকানায় পাঠাতে পারেন:

IMA BVE Processing Team
Department of Immigration and Border Protection
GPO Box 9984
SYDNEY NSW 2001

কাগজপত্রের একটি কপি আপনার নিজের রেকর্ডের জন্য রাখতে উপদেশ দেয়া হচ্ছে।

## আমি যদি আচরণের নিয়মাবলী স্বাক্ষর না করি তাহলে কি হবে?

আপনি যদি নিয়মাবলীতে স্বাক্ষর না করেন তাহলে আপনি ব্রিজিং E ভিসা পেতে উপযুক্ত হবেন না।

আপনি যদি নিয়মাবলীতে স্বাক্ষর না করেন এবং আপনি:

- যদি অভিবাসন কেন্দ্রে আটক থাকেন, তাহলে আপনি সেখানে আটক অবস্থাতেই থাকবেন।
- যদি সামাজিকভাবে আটক থাকেন, আপনাকে ব্রিজিং ভিসা দেয়ার জন্য বিবেচনা করা হবে না এবং আপনাকে অভিবাসন আটক কেন্দ্রে ফেরত পাঠানো হতে পারে।
- যদি পূর্বে মঞ্জুরকৃত ব্রিজিং ভিসা ধারন করে সমাজে বসবাস করছেন, আপনি আর কোন ব্রিজিং E ভিসা পাবেন না। সমাজে বসবাসকালীন অবস্থায় বিভিন্ন সুযোগ সুবিধা থেকে বঞ্চিত হবেন , যেমন Medicare (মেডিকেয়ার) এবং আর্থিক সাহায্য। এর পাশাপাশি একজন বে-আইনী অ-নাগরিক হিসাবে অভিবাসন আটক কেন্দ্রে ফেরত পাঠানোর জন্য আপনি দায়ী থাকবেন।

## আমি যদি আচরণের নিয়মাবলী ভঙ্গ করি তাহলে কি হবে?

ব্রিজিং ভিসার শর্ত হলো আপনি নিয়মাবলী ভঙ্গ করবেন না। আপনি যদি নিয়মাবলী ভঙ্গ করেন, আপনার ব্রিজিং ভিসা বাতিল হয়ে যেতে পারে। আপনার ব্রিজিং ভিসা বাতিল হলে আপনাকে অভিবাসন আটক কেন্দ্রে ফেরত যেতে হবে।

বিভাগ অন্যান্য উপযুক্ত ব্যবস্থা নিতে পারে। এর মধ্যে রয়েছে আপনার আচরণের জন্য পরামর্শ দেয়া (কাউন্সেলিং) এবং আপনার দায়িত্ব মনে করিয়ে দিতে সতর্কীকরণ চিঠি দেয়া। SRSS মাধ্যমে আপনি যে আর্থিক সাহায্য পেয়ে থাকেন, বিভাগ তা কমাতে বা বন্ধ করে দিতে পারে।

## আমার ভিসার মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর আমাকে কি আবার আচরণের নিয়মাবলীতে স্বাক্ষর করতে হবে?

নিয়মাবলীর পরিবর্তন ব্যতীত, আপনাকে শুধুমাত্র একবার স্বাক্ষর করতে হবে। নিয়মাবলীর শব্দ যদি পরিবর্তন হয় তাহলে আপনাকে আবার কোন ব্রিজিং ভিসা দেয়ার পূর্বে, আপনাকে নিয়মাবলীর নতুন সংস্করনে স্বাক্ষর করতে হবে। এই ধরনের পরিস্থিতিতে বিভাগ আপনাকে জানাবে।

## আচরণের নিয়মাবলীতে স্বাক্ষরের ব্যাপারে আমি কোথায় সাহায্য পেতে পারি?

আপনি যদি সামাজিকভাবে আটকাবস্থা সহ অবস্থা সমাধান সহায়তা সেবা কার্যক্রমের (SRSS) মাধ্যমে সাহায্য পেয়ে থাকেন, তাহলে আপনার সেবাপ্রদানকারী, নিয়মাবলী বুঝার ব্যাপারে এবং আপনার স্বাক্ষরের উপযুক্ত একজন সাক্ষী পেতে আপনাকে সহায়তা করতে পারে।

নিয়মাবলী সম্পর্কে তথ্য বিভিন্ন ভাষায় বিভাগের ওয়েবসাইটে পেতে পারেন: **www.border.gov.au/trav/refu/illegal-maritime-arrivals**

নিয়মাবলী বুঝতে এবং স্বাক্ষরের ব্যাপারে আপনার যদি আরো সাহায্যের প্রয়োজন হয়, তাহলে **131 881** নাম্বারে বিভাগের সাথে যোগাযোগ করতে পারেন।

## গোপনীয়তা সম্পর্কে গুরূত্বপূর্ণ তথ্য

আপনার ব্যক্তিগত তথ্য আইন দ্বারা সংরক্ষিত আছে, যে আইনের মধ্যে *Privacy Act 1988 (গোপনীয়তা আইন ১৯৮৮)* অর্ন্তভূক্ত। আপনার ব্যক্তিগত তথ্য যার মধ্যে স্পর্শকাতর তথ্যও রয়েছে, সেগুলো সংগ্রহ, ব্যবহার এবং প্রকাশ (অন্যান্য এজেন্সীতে এবং তৃতীয় পক্ষকে যার মধ্যে বিদেশী সংস্থাও রয়েছে) সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য 1442i *Privacy notice* ফর্মে *(গোপনীয় নোটিশ)* দেয়া আছে। 1442i ফর্ম, বিভাগের ওয়েবসাইটে **www.border.gov.au/allforms/** আছে অথবা বিভাগের অফিসে পাওয়া যায়। আপনি 1443 ফর্ম পূরণ করার পূর্বে 1442i ফর্ম যে পড়েছেন এবং বুঝতে পেরেছেন তা নিশ্চিত করুন।

| | |
|---|---|
| *হোম পেজ* | **www.border.gov.au** |
| *সাধারণ অনুসন্ধান লাইন* | অস্ট্রেলিয়াতে অফিস সময়ের মধ্যে অপারেটরের সাথে কথা বলতে **131 881** নাম্বারে ফোন করুন (এই সময়ের বাইরে রেকর্ডকৃত তথ্য পাওয়া যাবে)।<br>আপনার যদি বিভাগের সাথে যোগাযোগ করতে দোভাষীর সহায়তার প্রয়োজন হয়, তাহলে অনুবাদক এবং দোভাষী সেবাব্যবস্থার (TIS National) **131 450** নাম্বারে অফিস সময়ে ফোন করুন এবং অপারেটরকে বলুন আপনি কোন ভাষায় কথা বলেন। |


© COMMONWEALTH OF AUSTRALIA, 2015

Australian Government

Department of Immigration and Border Protection

# Code of Behaviour

# আচরণের নিয়মাবলী

আপনি অষ্ট্রেলিয়ায় থাকাকালীন সবসময় কি রকম আচরণ করবেন, সে সম্পর্কে আচরণের নিয়মাবলীতে প্রত্যাশার তালিকা রয়েছে। অষ্ট্রেলিয়ান আইনের অধীন সকল অধিকার এবং কর্তব্য এই তালিকায় নেই। যদি দেখা যায় আপনি আচরণের নিয়মাবলী ভঙ্গ করেছেন, তাহলে আপনার আর্থিক সহায়তা কমানো হতে পারে বা আপনার ভিসা বাতিল করা হতে পারে। আপনার ভিসা বাতিল করা হলে, আপনাকে অভিবাসন আটক কেন্দ্রে ফেরত যেতে হবে এবং আপনাকে দেশের বাইরে অবস্থিত ভিসা প্রক্রিয়াকরন কেন্দ্রে বদলী করা হতে পারে।

## আপনি যখন অষ্ট্রেলিয়ার সমাজে বসবাস করেন:

- রাস্তায় চলাচলের আইনসহ আপনি অষ্ট্রেলিয়ার কোন আইন **অবশ্যই** অমান্য **করবেন না**; পুলিশ এবং অন্যান্য সরকারী কর্মকর্তা কর্তৃক প্রদানকৃত সকল আইনগত নির্দেশ মেনে চলতে আপনি **অবশ্যই** সহযোগীতা করবেন;
- আপনি অন্য ব্যক্তির অনুমতি ব্যতিরেকে, কোন ধরনের যৌন **সম্পর্ক অবশ্যই করবেন না**, তাদের বয়স যাই হোক না কেন; আপনি অপ্রাপ্তবয়স্ক কারো সম্মতি থাকলেও অবশ্যই কখনো তার সাথে যৌন সম্পর্ক করবেন না;
- অষ্ট্রেলিয়াতে আপনি কোন ধরনের অপরাধমূলক কাজে অংশগ্রহন বা জড়িত **অবশ্যই হবেন না**, যার মধ্যে রয়েছে কারো প্রতি হিংস্রতা, আপনার পরিবার বা সরকারী কর্মকর্তাও এর অর্ন্তভূক্ত; ইচ্ছাকৃতভাবে সম্পত্তি ধ্বংস; ভুয়া পরিচয়পত্র দেয়া অথবা সরকারী কর্মকর্তার কাছে মিথ্যা বলা;
- আপনি অন্যকে বা কোন দলকে জ্বালাতন, ভয় দেখানো বা তাদের উপর মাস্তানী অবশ্যই করবেন না, অথবা আপনি কোন ধরনের অসামাজিক বা সংহতিনাশক কার্যক্রমে **অবশ্যই** জড়িত **হবেন না** যা সমাজে অন্যান্য শান্তিপ্রিয় সদস্যদের জন্য অবিবেচক, অসম্মানকর অথবা হুমকির কারণ হতে পারে;
- জনস্বাস্থ্যের উদ্দেশ্যে আপনাকে অভিবাসন এবং সীমান্ত প্রতিরক্ষা বিভাগ কর্তৃক প্রদেয় অথবা Chief Medical Officer (Immigration) (প্রধান মেডিকেল কর্মকর্তার (অভিবাসন)) দ্বারা নির্দেশিত স্বাস্থ্যগত কারণে যে চিকিৎসা নিতে বলা হয়, আপনি তা মেনে চলতে **অবশ্যই** অস্বীকার **করবেন না;**
- আপনি **অবশ্যই** বিভাগ থেকে বা এর এজেন্ট থেকে আপনার অবস্থার সমাধানে যে কোন যুক্তিসংগত অনুরোধ রক্ষায় সহায়তা করবেন, এর মধ্যে রয়েছে ইন্টারভিউতে উপস্থিতির অনুরোধ বা পরিচয়পত্র এবং/বা ভ্রমণ সংক্রান্ত কাগজ দেয়া বা পাওয়া।

---

*আমি, [ব্রিজিং E ভিসাধারীর পুরো নাম] অষ্ট্রেলিয়াতে ব্রিজিং E ভিসাতে থাকাকালীন এই আচরণের নিয়মাবলী মেনে চলতে সম্মত আছি। আমি বুঝতে পারছি যে যদি আমি আচরণের নিয়মাবলী মেনে না চলি তাহলে আমার আর্থিক সহায়তা কমে যেতে বা বন্ধ হয়ে যেতে পারে বা আমার ভিসা বাতিল হয়ে যেতে পারে এবং আমাকে অভিবাসন আটক কেন্দ্রে ফেরত পাঠানো হবে।*

## এই অনুবাদিত তথ্যপূর্ণ কাগজে স্বাক্ষর করবেন না

শুধুমাত্র ফর্ম 1443 *Code of Behaviour for Subclass 050 Bridging (General) visa holders*, ইংরেজীতে পূরণ করা হলে অভিবাসন এবং সীমান্ত প্রতিরক্ষা বিভাগ এটি গ্রহন করবে।

© COMMONWEALTH OF AUSTRALIA, 2015